

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৬৫৮
করবুক, ২২, জানুয়ারি, ২০২৪

করবুক মহকুমাভিত্তিক ত্রিপুরা পূর্ণরাজ্য দিবস উদযাপন

করবুক পাঞ্জিহাম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের অডিটোরিয়ামে গতকাল করবুক মহকুমাভিত্তিক ত্রিপুরা পূর্ণরাজ্য দিবস উদযাপন করা হয়। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এবং করবুক পাঞ্জিহাম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধায়ক সঞ্জয় মানিক ত্রিপুরা। এছাড়াও অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মহকুমা শাসক পার্থ দাস, মহকুমা পুলিশ আধিকারিক গমঞ্জয় রিয়াং, করবুক থানার পুলিশ আধিকারিক জহরলাল দেববর্মা, সমাজসেবী সুশীল রিয়াং প্রমুখ। অনুষ্ঠানে অতিথিগণ ত্রিপুরা রাজ্যের ইতিহাস ও রাজ্যের অগ্রগতির উপর আলোচনা করেন। ছাত্রছাত্রীরাও আলোচনায় অংশগ্রহণ করে। উদ্বোধনী অনুষ্ঠান শেষে ছাত্রছাত্রীদের নিয়ে কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে ছাত্রছাত্রীরা দেশাত্মবোধক সংগীত ও নৃত্য পরিবেশন করে। পূর্ণরাজ্য দিবস উদযাপন উপলক্ষে গতকাল ৫টি বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের নিয়ে দুটি বিভাগে বসে আঁকো প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠান শেষে বসে আঁকো প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে অতিথিগণ পুরস্কার তুলে দেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সমাজসেবী অতীন্দ্র রিয়াং।
